# ভোটাররা এবার মার্কা নয়, প্রার্থীকে গুরুত্ব দেবেন: রুমিন ফারহানা



রুমিন ফারহানা। ছবি: সংগৃহীত

ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র প্রার্থী ব্যারিস্টার রুমিন ফারহানা বলেছেন, এবারের নির্বাচনে ভোটাররা প্রার্থীর দক্ষতা, সততা এবং এলাকার উন্নয়নের সক্ষমতা বিবেচনা করে ভোট দেবেন, শুধু দলীয় প্রতীকে নির্ভর করবেন না।

গত ৪ ফেব্রুয়ারি সন্ধ্যায় সরাইল উপজেলার পানিশ্বর ইউনিয়নের শাখাইতি গ্রামের পূর্বপাড়ায় অনুষ্ঠিত জনসভায় তিনি বলেন, “যদি যোগ্য লোক এলাকার দায়িত্ব নিতে না চান, তাহলে উন্নয়ন সম্ভব নয়। তাই আমি চাই, শিক্ষিত, সৎ ও অভিজ্ঞ প্রার্থীকে ভোট দিয়ে নির্বাচিত করুন।”

তিনি আরও জানান, জরিপে দেখা যাচ্ছে, ভোটাররা এবার প্রার্থীকে গুরুত্ব দিচ্ছেন। সাহসী, সৎ এবং এলাকার উন্নয়নে অগ্রণী প্রার্থীকে ভোটের মাধ্যমে বাছাই করা হবে। তাই কেউ যদি শুধু মার্কার ওপর ভর করে জয় লাভের আশা করেন, তা সম্ভব নয়। এবারের নির্বাচন প্রকৃত যোগ্য প্রার্থী বাছাইয়ের মঞ্চ।

রুমিন ফারহানা বলেন, “পূর্ব-পশ্চিম, উত্তর-দক্ষিণ—যেখানে তাকাই, জনগণের সমর্থনের ঢেউ চোখে পড়ে। এই সমর্থনই আমাদের জয় নিশ্চিত করবে। ভোট গণনা পর্যন্ত আপনারা যেন আমাদের পাশে থাকেন, এবং আমি আগামী পাঁচ বছর আপনার জন্য কাজ করব।”